saalt
SOUTH ASIAN AMERICANS LEADING TOGETHER
630 Carroll Avenue, Suite 506 | Takoma Park, MD 20912
Phone: 301.270.1655 | Fax: 301.270.1882 | info@saalt.org | www.saalt.org

# ইমিগ্রেশন অব্যাহতির জন্য প্রস্তুতি শুরু | জানুয়ারী ২০১৫

প্রেসিডেন্ট ওবামা ২০১৪ সালের নভেম্বর মাসে ইমিগ্রেশন প্রশ্নে যে নির্বাহী আদেশ ঘোষণা করেছেন, তার আওতায় দক্ষিণ এশীয় কমিউনিটির লক্ষ লক্ষ সদস্যের জন্য ডিপোর্টেশন থেকে অব্যাহতি, তাদের পরিবারের সাথে বসবাস এবং ওয়ার্ক পারমিট লাভের সুযোগ সৃষ্টি হয়েছে। নতুন নির্বাহী আদেশ 'ডেফার্ড অ্যাকশন ফর প্যারেন্টাল অ্যাকাউন্টিবিলিটি' (ডাপা) কর্মসূচি চালু করেছে, যোগ্য ইমিগ্র্যান্ট তরুণদের জন্য ইতিপূর্বে ঘোষিত 'ডেফার্ড অ্যাকশন ফর চাইল্ডহুড অ্যারাইভ্যালস্' (ডাকা)'র আওতা সম্প্রসারিত হয়েছে, ইমিগ্রেশন এনফোর্সমেন্টের অগ্রাধিকার সংশোধন করা হয়েছে এবং অপরাধের শিকার ইমিগ্রান্টদের সহায়তা করার জন্য সমর্থন নীতিতে অগ্রগতি সাধণ করা হয়েছে ও কোন কোন ক্ষেত্রে উচ্চ দক্ষ শিল্প কর্মীদের জন্য ইমিগ্রেশন নীতি নির্ধারণ করা হয়েছে। পিউ রিসার্চ সেন্টারের পরিসংখ্যান অনুযায়ী শুধু ভারত থেকে যুক্তরাষ্ট্রে আগত আনডকুমেন্টেড ইমিগ্র্যান্ট সংখ্যা চতুর্থ সর্বোচ্চ স্থানে। আনুমানিক ৪৫০,০০০ জন আনডকুমেন্টেড ভারতীয় ইমিগ্র্যান্টের মধ্যে ৪০ শতাংশের অধিক সংখ্যক নতুন কর্মসূচির অধীনে বৈধতা লাভের সুযোগ পাবেন। একইভাবে বাংলাদেশ, পাকিস্তান, নেপাল এবং অন্যান্য দক্ষিণ এশীয় দেশের আনডকুমেন্টেড ইমিগ্রান্টরাও যোগ্য বলে বিবেচিত হবেন। 'ডাপা' এবং 'ডাকা' কর্মসূচি সমগ্র যুক্তরাষ্ট্র জুড়ে আনডকুমেন্টেড ইমিগ্র্যান্টদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ, যার ফলে আমাদের কমিউনিটির সদস্যরা তাদের জন্য সৃষ্ট নিরাপত্তা এবং অধিকারের জন্য আবেদন করতে পারবে। সরকার এখন পর্যন্ত এ কর্মসূচির আওতায় আবেদন গ্রহণের সুনির্দিষ্ট তারিখ স্থির করেনি। আমরা নিচে এ সম্পর্কিত কিছু গুরুত্বপূর্ণ তথ্য তুলে ধরছি:

এ কর্মসূচির সর্বশেষ খবর এবং আবেদন গ্রহণের সুর্দিষ্ট তারিখ সম্পর্কে জানতে ভিজিট করুন: www.saalt.org অথবা http://www.uscis.gov/immigrationaction

## কে আবেদন করার যোগ্য? (বিস্তারিত জানতে ভিজিট করুন: https://nilc.org/relief.html)

- যেসব ব্যক্তি 'ডাকা (DACA)' অথবা 'ডাপা (DAPA)' কর্মসূচিতে আবেদন করবেন তারা তিন বছর মেয়াদী ওয়ার্ক পারমিটের জন্যও আবেদন করার যোগ্য বিবেচিত হবেন। 'ডাকা' এবং 'ডাপা' দু'টি কর্মসূচিই সাময়িক, কিন্তু তিন বছর মেয়াদের জন্য নবায়নযোগ্য। ধারণা করা হচ্ছে, 'ডাপা' কর্মসূচির অধীনে আবেদন প্রক্রিয়া চলতি ২০১৫ সালের মে মাসের আগে শুরু হবে না।
- যেসব ব্যক্তি 'ডাকা'র জন্য আবেদন করছেন অথবা 'ডাকা'র নবায়নের জন্য ২০১৪ সালের ২৪শে নভেম্বর বা এর পরে আবেদন করছেন, তাদেরকে 'ডাকা'র সম্প্রসারণ সুবিধা এবং তাদের আবেদন অনুমোদনের জন্য অপেক্ষমান থাকলেও তাদেরকে তিন বছরের জন্য ওয়ার্ক পারমিট দেয়া হবে।

## ডেফার্ড অ্যাকশন ফর চাইল্ডহুড অ্যারাইভ্যালস্ (ডাকা)

**'ডাকা'র জন্য এখনই যোগ্য হতে হলে, আপনাকে অবশ্যই:**

- বয়স ১৬ বছর হওয়ার আগে যুক্তরাষ্ট্রে আসতে হবে।
- ২০০৭ সালের ১৫ই জুনের পূর্ব থেকে অব্যাহতভাবে যুক্তরাষ্ট্রে বসবাস এবং ২০১২ সালের ১৫ই জুন যুক্তরাষ্ট্রে অবস্থানকারী একজন হতে হবে।
- বর্তমানে কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত, হাইস্কুল থেকে গ্রাজুয়েশন লাভ, জেনারেল এডুকেশন ডেভেলপমেন্ট (জিইডি) সার্টিফিকেট লাভ, অথবা ইউএস কোষ্ট গার্ড অথবা সামরিক বাহিনী থেকে সম্মানজনকভাবে অব্যাহতি লাভকারী সদস্য।
- কোন অপরাধে সাজাপ্রাপ্ত নন, উল্লেখযোগ্য সংখ্যক অপরাধ সংঘটন, অথবা অন্য কোনভাবে জাতীয় ও জননিরাপত্তার জন্য হুমকি না হওয়া।
- বয়স ৩০ বছরের উর্ধে না হওয়া।

## সম্প্রসারিত 'ডেফার্ড অ্যাকশন ফর চাইল্ডহুড অ্যারাইভ্যালস্ (ডাকা)

**'ডাকা' সম্প্রসারিত কর্মসূচিতে নতুন আবেদন ২০১৫ সালের ফেব্রুয়ারীতে শুরু হবে বলে আশা করা হচ্ছে। এজন্য যোগ্য হতে হলে আপনাকে অবশ্যই:**

- বয়স ১৬ বছর হওয়ার আগে যুক্তরাষ্ট্রে আসতে হবে।
- ২০১০ সালের ১ জানুয়ারীর পূর্ব থেকে অব্যাহতভাবে যুক্তরাষ্ট্রে বসবাস করতে হবে।
- বর্তমানে কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত, উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তিরত, হাইস্কুল থেকে গ্রাজুয়েশন লাভ. জেনারেল এডুকেশন ডেভেলপমেন্ট (জিইডি) সার্টিফিকেট লাভ, অথবা ইউএস কোষ্ট গার্ড অথবা সামরিক বাহিনী থেকে সম্মানজনকভাবে অব্যাহতি লাভকারী সদস্য হতে হবে।
- কোন অপরাধে সাজাপ্রাপ্ত নন, উল্লেখযোগ্য সংখ্যক অপরাধ সংঘটন, অথবা অন্য কোনভাবে জাতীয় ও জননিরাপত্তার জন্য হুমকি না হওয়া।
- দ্রষ্টব্য: সম্প্রসারিত 'ডাকা'য় বয়সের কোন উর্ধ সীমা রাখা হয়নি।

## ডেফার্ড অ্যাকশন ফর প্যারেন্টাল অ্যাকাউন্টিবিলিটি (ডাপা)

**'ডাপা'র জন্য এখনই যোগ্য হতে হলে, অবশ্যই আপনার:**

- ২০১৪ সালের ২০শে নভেম্বর যুক্তরাষ্ট্রের নাগরিক অথবা যুক্তরাষ্ট্রের বৈধ স্থায়ী বাসিন্দা পুত্র বা কন্যা থাকতে হবে।
- ২০১০ সালের ১লা জানুয়ারীর পূর্ব থেকে যুক্তরাষ্ট্রে অব্যাহতভাবে বসবাস করতে হবে।
- ২০১৪ সালের ২০শে নভেম্বর যুক্তরাষ্ট্রে স্বয়ং উপস্থিত থাকা এবং 'ডাপা' কর্মসূচির আওতায় ডেফার্ড অ্যাকশন বিবেচনার জন্য আবেদন প্রক্রিয়ার সময় উপস্থিত থাকতে হবে।
- ২০১৪ সালের ২০শে নভেম্বর কোন বৈধ ইমিগ্রেশন ষ্ট্যাটাস থাকবে না।
- ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটির এনফোর্সমেন্ট অগ্রাধিকার তালিকাভূক্ত থাকবে না। (নিচে আরো বিস্তারিত তথ্য রয়েছে)
- আপনার এ ষ্ট্যাটাসকে অযোগ্য প্রমাণিত করতে পারে এমন অতিরিক্ত তথ্য না দেওয়াই যুক্তিযুক্ত।

## 'ডাপা'য় আবেদন করার প্রস্তুতি:

- আবেদন ফি এর জন্য অর্থ সঞ্চয় করুন (বর্তমান ফি ৪৬৫ ডলার)
- আপনার পরিচয়ের প্রমাণ, যেমন আপনার নিজ দেশের পাসপোর্ট অথবা ছবিযুক্ত পরিচয়পত্র সহ জন্ম সনদ।
- পরিবারের সদস্য যুক্তরাষ্ট্রের নাগরিক অথবা বৈধ স্থায়ী বাসিন্দার সাথে আপনার সম্পর্কের প্রমাণ।
- কতদিন যাবত আপনি যুক্তরাষ্ট্রে বসবাস করছেন তার প্রমাণ।
- যদি কোন অপরাধে সাজাপ্রাপ্ত হয়ে থাকেন, তাহলে একজন এটর্নীর সাথে যোগাযোগ করে জেনে নিন যে, আপনি সাজা বাতিল, অব্যাহতি বা অন্য কোনভাবে পরিবর্তন করতে পারেন কিনা।
- আপনার উপর যদি আগে থেকে ডিপোর্টেশন বা রিমোভাল আদেশ থাকে, তাহলে একজন এটর্নী অথবা বোর্ড অফ ইমিগ্রেশন অ্যাপিলস (বিআইএ) এর অনুমোদিত প্রতিনিধির সাথে যোগাযোগ করে এ সম্পর্কে জেনে নিন।

## 'ডাকা ও 'ডাপা'র জন্য আবেদন:

- 'ডাকা'র জন্য আবেদন বা 'ডাকা' নবায়নের আবেদন করতে ভিজিট করুন: www.uscis.gov/childhoodarrivals
- 'ডাকা' কর্মসূচিতে বর্তমানে আবেদন ফি এর পরিমাণ ৪৬৫ ডলার। ফি ছাড়ের সুযোগ সীমিত।
- ইউএস সিটিজেনশিপ এন্ড ইমিগ্রেশন সার্ভিসেস (ইউএসসিআইএস) ২০১৫ সালের ফেব্রুয়ারী থেকে সম্প্রসারিত 'ডাকা' এবং ২০১৫ সালের মে মাস থেকে 'ডাপা' কর্মসূচির আওতায় আবেদন গ্রহণ শুরু করবে বলে ধারণা করা হচ্ছে।
- আবেদন গ্রহণ শুরু সম্পর্কে নিশ্চিত হতে মাঝে মাঝেই ভিজিট করুন: www.uscis.gov

## ২০১৫ সালের প্রথম দিকে ভিসার ক্ষেত্রে পরিবর্তন

উচ্চ দক্ষতা সম্পন্ন কর্মী, যারা গ্রীন কার্ডের জন্য অপেক্ষা করছেন তাদের কাজের ক্ষেত্রে পোর্টেবল ওয়ার্ক পারমিটসহ অধিকতর নমনীয়তার সুযোগ আশা করা হচ্ছে। উচ্চ দক্ষ কর্মীদের স্বামী বা স্ত্রী, যারা গ্রীন কার্ড পাওয়ার জন্য অপেক্ষায় রয়েছেন তাদের ক্ষেত্রে সীমিত কাজের সুযোগসহ ওয়ার্ক পারমিট ইস্যু করা হতে পারে। বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহ করে প্রেসিডেন্টের 'ফ্যাক্ট শিট' পড়ে দেখুন।

**'ইউ' এবং 'টি' ভিসা:** ইউএস ডিপার্টমেন্ট অফ লেবার এন্ড ওয়েজ আওয়ার ডিভিশন (ডব্লিউএইচডি) তিন ধরণের অপরাধের শিকার কর্মীদের অন্তর্ভূক্ত করবে, যার ভিত্তিতে তারা 'ইউ' ভিসার জন্য আবেদন করতে পারবেন। এসব অপরাধের মধ্যে রয়েছে বিভিন্ন দেশ থেকে চুক্তি ভিত্তিতে নিয়ে আসা কর্মীদের নিকট থেকে অর্থ আহরণ, জবরদস্তিমূলক কাজ করানো এবং প্রতারণা। কর্মক্ষেত্র পরিদর্শনকালে ডব্লিউএইচডি যদি কোন মানবপাচারের ঘটনা সনাক্ত করতে পারে তাহলে তারা ভুক্তভোগী ব্যক্তিদের জন্য 'টি' ভিসা প্রক্রিয়া করবে। এ সম্পর্কিত বিস্তারিত তথ্যের জন্য ডিপার্টমেন্ট অফ লেবারের ফ্যাক্ট শিট পাঠ করুন।

## ডিটেনশন এন্ড ডিপোর্টেশন প্রায়োরিটি সিস্টেম এন্ড রিপ্লেসিং সিকিউর কমিউনিটিজ

ডিপোর্টেশনের ক্ষেত্রে প্রেসিডেন্ট তিন ধরণের নতুন প্রায়োরিটি বা অগ্রাধিকার শ্রেণী বিন্যাস করেছেন। অগ্রাধিকার-১ এ অন্তর্ভূক্ত করা হয়েছে জাতীয় নিরাপত্তা, সীমান্ত নিরাপত্তা এবং জননিরাপত্তার জন্য হুমকি। অগ্রাধিকার-২ এর আওতায় রয়েছে; অপরাধের জন্য সাজাপ্রাপ্ত ব্যক্তি এবং ইমিগ্রেশন আইন লংঘনকারী ইমিগ্রান্ট, যারা কোন অনুমোদন ছাড়া যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছেন এবং অগ্রাধিকার-৩ এ অন্যান্য ইমিগ্রেশন আইন লংঘনকারীরা অন্তর্ভূক্ত হবেন। এই তিন ধরণের শ্রেণী বিন্যাসের ফলে ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটি কোন আনডকুমেন্টেড ইমিগ্র্যান্টের বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহণ করবে কিনা সে সম্পর্কে সিদ্ধান্ত নিতে অধিকতর ঐচ্ছিক ক্ষমতা প্রয়োগ করতে পারবে।

'দি প্রায়োরিটি এনফোর্সমেন্ট প্রোগ্রাম' (পিইপি) 'সিকিউর কমিউনিটিজ' এর স্থলাভিষিক্ত হবে। এ পরিবর্তন আনার জন্য 'ইমিগ্রেশন এন্ড কাষ্টমস এনফোর্সমেন্ট' (আইসিই) কে নির্দেশ দেয়া হলেও এখন পর্যন্ত দিনক্ষণ নির্ধারণ করা হয়নি। অনুগ্রহ করে খেয়াল রাখবেন যে, প্রায়োরিটি এনফোর্সমেন্ট প্রোগ্রাম বা পিইপি'র আওতায় ডিপোর্টেশনের কারণগুলোর পুন:অগ্রাধিকার স্থির করার মাধ্যমে সিকিউর কমিউনিটিজ এর স্থলাভিষিক্ত হবে। ডিপোর্টেশন পুরোপুরি নির্মূল করে নয় এবং পিইপি অন্যান্য কর্মসূচি, যেমন ২৮৭ (জি) অথবা অপরাধী বিদেশি কর্মসূচি (ক্রিমিনাল এলিয়েন প্রোগ্রাম) এর স্থলাভিষিক্ত হবে না। পিইপি'র অধীনে ইমিগ্রেশন এন্ড কাষ্টমস এনফোর্সন্টে (আইসিই) কোন ব্যক্তি সম্পর্কে তথ্যের জন্য ষ্টেট ও স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক আগের নিয়মেই আঙ্গুলের ছাপ-ভিত্তিক বায়োমেট্রিক তথ্যের উপর নির্ভর করবে। অবশ্য ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটি উল্লেখ করেছে যে, আইসিই শুধুমাত্র প্রায়োরিটি ১ ও প্রায়োরিটি ২ শ্রেনীর মধ্যে সুনির্দিষ্ট অপরাধে সাজাপ্রাপ্ত আনডকুমেন্টেড ব্যক্তিকেই হস্তান্তর করবে। এমনকি পিইপি যখন সিকিউর কমিউনিটিজ এর স্থলাভিষিক্ত হবে, এটি এখনো অস্পষ্টই রয়ে গেছে যে তখন ডিপোর্টেশন সংখ্যা উল্লেখযোগ্যভাবে হ্রাস পাবে কিনা।

## ফেডারেল হেলথ এন্ড ইকনমিক সাপোর্ট প্রোগ্রামস

যারা 'ডাকা' ও 'ডাপা' কর্মসূচির আওতায় আসবেন তারা 'অ্যাফোর্ডেবল কেয়ার অ্যাক্ট' এর অধীনে স্বাস্থ্য সেবা সুবিধা বা 'এসএনএপি' (ফুড ষ্ট্যাম্প), 'টিএএনএফ' (ওয়েলফেয়ার) এবং পাবলিক হাউজিং সাবসিডি (যেমন সেকশন ৮) সহ কোন ধরণের ফেডারেল সহায়তা কর্মসূচির সুবিধা পাবেন না। তবে 'ডাকা' ও 'ডাপা' কর্মসূচির সুবিধাভোগীরা ১০ বছর ধরে কাজ ও ট্যাক্স পরিশোধ করে ৬৬ বছর বয়সে উত্তীর্ণ হওয়ার পর সোস্যাল সিকিউরিটি রিটায়ারমেন্ট বেনিফিট লাভের যোগ্য বলে বিবেচিত হবেন। এ ব্যাপারে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে ভিজিট করুন: www.nilc.org.

## আপনার অধিকার সম্পর্কে জানুন এবং প্রতারণা শিকার হওয়া থেকে নিজেকে রক্ষা করুন

যারা নিজেদেরকে নোটারি পাবলিক অথবা ইমিগ্রেশন কনসালট্যান্ট হিসেবে দাবী করছে, তাদের নিকট থেকে সহায়তা গ্রহণের ব্যাপারে সতর্কতা অবলম্বন করুন। আপনার সুনির্দিষ্ট বিষয় সহায়তা নেয়ার জন্য কোন বিশিষ্ট এটর্নী অথবা **বোর্ড অফ ইমিগ্রেশন অ্যাপিলস (বিআইএ)** এর অনুমোদিত প্রতিনিধি খুঁজে নিন। আপনি প্রয়োজনে **'আইআমেরিকা'** এবং **'আমেরিকা এন্ড দি আমেরিকান ইমিগ্রেশন লইয়ার্স এসোসিয়েশন'** এর ডাটাবেজ থেকে একজন আইনজীবীর সন্ধান করতে পারেন।

## অতিরিক্ত তথ্যসূত্র

বিস্তারিত তথ্য ও প্রয়োজনীয় সহায়তার জন্য নিম্নের সংগঠনগুলোর সাথে যোগাযোগ ও ওয়েবসাইট ভিজিট করুন:

American Immigration Lawyers Association | aila.org

Asian American Legal Defense and Education Fund | aaldef.org

iAmerica.org | iAmerica.org

National Immigration Law Center | nilc.org

Own the Dream | weownthedream.org

South Asian Americans Leading Together | saalt.org

United States Citizenship and Immigration Services (USCIS) | uscis.gov

United We Dream | unitedwedream.org